

উন্নয়ন প্রকল্প
উন্নয়ন প্রকল্প
উন্নয়ন প্রকল্প

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ বিভাগ
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৬১২.২৫.১০১.১৬-৮৪১(১২১০)

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪২৩
১৬ নভেম্বর ২০১৬

বিষয়: প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৬ এ মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তা ও শিক্ষকদের সরকারি জনগুরুত্বপূর্ণ প্রয়োজন ব্যতীত অন্য কাজে সম্পৃক্ত না করণ।

সূত্র: প্রশাসন বিভাগের পত্র নম্বর: ৩৮.১০৭.০৩৩.০০.০০.০১৭.২০১৫-১৪৪৪/১, তারিখ: ১৩ নভেম্বর ২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২০ নভেম্বর ২০১৬ তারিখ হতে সারাদেশে একযোগে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৬ অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ সময়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/বিদ্যালয় জেলা ও উপজেলা/থানা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা অগ্রাধিকার বিবেচনায় প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা পরিচালনা সংক্রান্ত কর্মপরিকল্পনা অনুযায়ী উত্তরপত্র মূল্যায়ন, নিরীক্ষণ, প্রধান পরীক্ষক কর্তৃক নম্বরপত্র যাচাই এবং নম্বরপত্র অনুসারে কোড নম্বরের বিপরীতে পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বর কম্পিউটারে এন্ট্রিকরণ ও যাচাইকরণ ইত্যাদি কার্যাদিসহ দাপ্তরিক কাজে সার্বক্ষণিক নিয়োজিত থাকবেন।

২। এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/বিদ্যালয় জেলা ও উপজেলা/থানা পর্যায়ে পিটিআই এবং ইউআরসিতে চলমান প্রশিক্ষণসমূহ ০৮ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত স্থগিত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো। আগামী ০৮ ডিসেম্বর ২০১৬ তারিখের পর প্রশিক্ষণসমূহ যথারীতি চলমান থাকবে।

৩। অধিকন্তু, ০৮ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত জেলা ও উপজেলা/থানা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং প্রাথমিক শিক্ষকগণকে সরকারি অতি জনগুরুত্বপূর্ণ কাজ ব্যতিরেকে তাঁকে কর্মস্থলের বাইরে কোনো ধরনের ওয়ার্কশপ, সেমিনার কিংবা প্রশিক্ষণ কাজে সম্পৃক্ত না করার জন্য অনুরোধ করা হলো।

৪। বিষয়টি অতীব জরুরি। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

(মোঃ ফজলুর রহমান ভূঞা)
পরিচালক (প্রশিক্ষণ)
অতিরিক্ত দায়িত্ব

- ১। সুপারিনটেনডেন্ট, পিটিআই, ----- (সকল)
- ২। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ----- (সকল)।

অনুলিপি:

- ১। পরিচালক, প্রশাসন/পলিসি এন্ড অপারেশন/অর্থ ও সংগ্রহ/পরিকল্পনা ও উন্নয়ন/প্রোগ্রাম/পরিবীক্ষণ ও মূল্যায়ন/আইএমডি/সেকেন্ড চান্স এডুকেশন।
- ২। জেলা প্রশাসক, ----- (সকল)।
- ৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ----- (সকল)।
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ----- (সকল)।
- ৫। উপজেলা/থানা শিক্ষা অফিসার, ----- (সকল)।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। অতিঃ মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিঃ মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। অফিস কপি।